গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
প্রশাসন-২ শাখা
(www.erd.gov.bd)

নং-০৯.০০.০০০০.০৭৩.০২.০০২.২০/ ৪২১

তারিখঃ ২৩ কার্তিক ১৪২৭ বঃ
০৮ নভেম্বর ২০২০ খ্রিঃ

# বিজ্ঞপ্তি

অর্থনৈতিক সম্পর্ক বিভাগের প্রথম, দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মকর্তা/কর্মচারিগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২০-২০২১ অর্থ বছরে গৃহ নির্মাণ/গৃহ মেরামত অগ্রিম ঋণ গ্রহনেচ্ছুক কর্মকর্তা/কর্মচারিগণ'কে আগামী ২৬ নভেম্বর ২০২০ তারিখের মধ্যে নিম্নে উল্লিখিত অগ্রিম গ্রহণের বিদ্যমান নীতিমালার আলোকে নির্ধারিত ফরমে এ বিভাগের প্রশাসন-২ শাখায় আবেদন করার জন্য অনুরোধ করা হল। নির্ধারিত সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

১। **গৃহ নির্মাণ (গৃহ ক্রয়, জমি ক্রয় অথবা গৃহ মেরামত):**

(ক) গৃহ নির্মাণ (গৃহ ক্রয়, জমি ক্রয়) অগ্রিম/ ঋণ সর্বোচ্চ ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকা এবং গৃহ মেরামত অগ্রিম ঋণ সর্বোচ্চ ৬০,০০০/- (ষাট হাজার) টাকা নির্ধারিত।

(খ) গৃহ নির্মাণ অগ্রিম ঋণ সর্বোচ্চ ১২০ কিস্তি এবং গৃহ মেরামত অগ্রিম ঋণ সর্বোচ্চ ৬০ কিস্তিতে কর্তনযোগ্য।

(গ) গৃহ নির্মাণ অগ্রিম ঋণ উত্তোলনের দ্বাদশ মাসের বেতন গ্রহণের পর হতে আদায় শুরু হবে এবং গৃহ মেরামত অগ্রিম ঋণ উত্তোলনের প্রথম মাসের বেতন গ্রহণের পর হতে আদায় শুরু হবে। কোন সরকারি কর্মকর্তা/কর্মচারি তার কর্মজীবনে এক বারের অধিক গৃহ নির্মাণ ঋণ পাবেন না। পূর্বে গৃহীত গৃহ নির্মাণ অগ্রিম ঋণের অর্থ সুদসহ পরিশোধ করা হলে গৃহ মেরামত ঋণ পেতে পারেন। তবে সংশ্লিষ্ট চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার অফিস হতে অবশ্যই অগ্রিম পরিশোধ সংক্রান্ত সনদপত্র (বিমোচনপত্র) দাখিল করতে হবে।

(ঘ) উপর্যুক্ত অগ্রিমের সুদ বার্ষিক শতকরা ১০/- টাকা হারে ধার্য হবে এবং অগ্রিমের অর্থ পরিশোধে ব্যর্থ হলে অগ্রিম গ্রহণকারীর নিকট হতে শাস্তিমূলক ব্যবস্থা হিসাবে বার্ষিক শতকরা ১১/- টাকা চক্রবৃদ্ধি হারে দন্ড সুদ করা হবে।

(ঙ) কোন অস্থায়ী কর্মকর্তা/কর্মচারির চাকরিকাল ৫ (পাঁচ) বছর অতিক্রান্ত না হলে উপর্যুক্ত অগ্রিম ঋণ পাওয়ার যোগ্য হবেন না। তবে আবেদনপত্রের সাথে আবশ্যিকভাবে দুইজন স্থায়ী কর্মকর্তা/কর্মচারির নিকট হতে জামানতপত্র (সিকিউরিটি বন্ড) গ্রহণ সাপেক্ষে আবেদন করতে পারবেন।

(চ) পূর্বে গৃহীত অগ্রিম ঋণ কিংবা উহার সুদের কোন অংশ অনাদায়ী থাকলে কিংবা বিমোচন পত্র দাখিল না করলে আবেদনকৃত অগ্রিম ঋণ মঞ্জুরি প্রদান করা হবে না।

২। এমতাবস্থায়, আগ্রহী কর্মকর্তা/কর্মচারিগণকে আবেদনপত্র ও ঋণের ফরম নির্ধারিত ২৬/১১/২০২০ তারিখের মধ্যে জমা দেওয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য, ঋণের ফরমটি এ বিভাগের ওয়েবসাইটে (www.erd.gov.bd) হতে ডাউনলোড করা যাবে।

০৮.১১.২০২০

( মোঃ আল-আমিন )
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৪৮১১২০৫১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। অনুবিভাগ প্রধান (সকল), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা
২। যুগ্মসচিব (প্রশাসন), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা
৩। উপসচিব, বাজেট ব্যবস্থাপনা অধিশাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা **(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)**
৫। সচিবের একান্ত সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা
৬। হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা
৭। নোটিশ বোর্ড
৮। সংশ্লিষ্ট নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
প্রশাসন-২ শাখা
(www.erd.gov.bd)

নং-০৯.০০.০০০০.০৭৩.০২.০০২.২০/ ৪২২

তারিখঃ ২৩ কার্তিক ১৪২৭ বঃ
০৮ নভেম্বর ২০২০ খ্রিঃ

# বিজ্ঞপ্তি

অর্থনৈতিক সম্পর্ক বিভাগের প্রথম ও দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তাগণের অবগতির জন্য জনানো যাচ্ছে যে, ২০২০-২০২১ অর্থ বছরে কম্পিউটার অগ্রিম ঋণ গ্রহনেচ্ছুক কর্মকর্তাগণ'কে আগামী ২৬ নভেম্বর, ২০২০ তারিখের মধ্যে নিম্নে উল্লেখিত অগ্রিম গ্রহণের বিদ্যমান নীতিমালার আলোকে নির্ধারিত ফরমে এ বিভাগের প্রশাসন-২ শাখায় আবেদনপত্র দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পর কোন প্রকার আবেদনপত্র গ্রহণ করা হবে না।

**নীতিমালাঃ কম্পিউটার অগ্রিমঃ**

ক) কম্পিউটার ক্রয়ের জন্য একজন প্রথম ও দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তাকে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা অগ্রিম প্রদান করা যাবে।

খ) কম্পিউটার অগ্রিম সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) কিস্তিতে আদায়যোগ্য হবে। অগ্রিম উত্তোলনের পরবর্তী মাসের বেতন হতে কিস্তিতে আদায় শুরু হবে।

গ) ন্যূনতম প্রাথমিক পর্যায়ের কম্পিউটার প্রশিক্ষণ নেই এমন কোন কর্মকর্তার অনুকূলে কম্পিউটার অগ্রিম মঞ্জুর করা যাবে না।

ঘ) কম্পিউটার অগ্রিমের জন্য দাখিলযোগ্য আবেদনপত্রের সাথে অগ্রিম গ্রহনেচ্ছুক কর্মকর্তাকে এ মর্মে অঙ্গীকারনামা প্রদান করতে হবে যে কম্পিউটার অগ্রিম গ্রহণের পর গৃহীত সকল অগ্রিম পরিশোধের মাসিক কিস্তি সংশ্লিষ্ট কর্মকর্তার মূল বেতনের এক তৃতীয়াংশের অধিক হবে না এবং অগ্রিম মঞ্জুরির পূর্বে প্রশাসনিক মন্ত্রণালয়কে এতদবিষয়ে নিশ্চিত হতে হবে।

২। কোন অস্থায়ী কর্মকর্তার চাকরিকাল ৫ (পাঁচ) বছর অতিক্রান্ত না হলে উপরোক্ত অগ্রিম ঋণ পাওয়ার যোগ্য হবেন না। তবে আবেদনপত্রের সাথে আবশ্যিকভাবে ২ (দুই) জন স্থায়ী কর্মকর্তা ও কর্মচারির নিকট হতে জামানতপত্র (সিকিউরিটি বন্ড) গ্রহণ পূর্বক আবেদন করতে পারবেন।

৩। পূর্বে গৃহীত অগ্রিম ঋণ কিংবা উহার সাথে সুদের কোন অংশ অনাদায়ী থাকলে এবং এ সংক্রান্ত বিমোচনপত্র দাখিল না করা হলে আবেদনকৃত অগ্রিম ঋণ মঞ্জুর করা হবে না।

৪। উপর্যুক্ত অগ্রিমের সুদের হার বার্ষিক শতকরা ১০/- টাকা। কিস্তি অনুযায়ী অগ্রিম পরিশোধে ব্যর্থ হলে বার্ষিক শতকরা ১১/- টাকা চক্রবৃদ্ধি হারে সুদ আদায় হবে।

৫। এমতাবস্থায়, আগ্রহী কর্মকর্তা/কর্মচারিগণকে আবেদনপত্র ও ঋণের ফরম নির্ধারিত ২৬/১১/২০২০ তারিখের মধ্যে জমা দেওয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য, ঋণের ফরমটি এ বিভাগের ওয়েবসাইটে (www.erd.gov.bd) হতে ডাউনলোড করা যাবে।

০৮.১১.২০২০

( মোঃ আল-আমিন )
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৪৮১১২০৫১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। অনুবিভাগ প্রধান (সকল), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা
২। যুগ্মসচিব (প্রশাসন), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা
৩। উপসচিব, বাজেট ব্যবস্থাপনা অধিশাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা **(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)**
৫। সচিবের একান্ত সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা
৬। হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা
৭। নোটিশ বোর্ড
৮। সংশ্লিষ্ট নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
প্রশাসন-২ শাখা
শেরেবাংলা নগর, ঢাকা।

নং-০৯.০০.০০০০.০৭৩.০২.০০২.২০/১৪২৩

তারিখঃ ২৩ কার্তিক ১৪২৭ বঃ
০৮ নভেম্বর ২০২০ খ্রিঃ

# বিজ্ঞপ্তি

অর্থনৈতিক সম্পর্ক বিভাগের প্রথম, দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মকর্তা ও কর্মচারিগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২০-২০২১ অর্থ বছরে মোটর গাড়ি এবং মোটর সাইকেল অগ্রিম ঋণ গ্রহনেচ্ছুক কর্মকর্তা ও কর্মচারিগণ'কে আগামী ২৬ নভেম্বর ২০২০ তারিখের মধ্যে নিম্নোক্ত অগ্রিম গ্রহণের বিদ্যমান নীতিমালার আলোকে নির্ধারিত ফরমে এ বিভাগের প্রশাসন-২ শাখায় আবেদনপত্র দাখিল করতে অনুরোধ করা হলো। নির্ধারিত সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

১। **মোটর গাড়ি:**

ক) মোটর গাড়ি অগ্রিম/ঋণ সর্বোচ্চ ৬০,০০০/- (ষাট হাজার) টাকা মাত্র নির্ধারিত;
খ) এ অগ্রিম/ঋণ উত্তোলনের প্রথম মাসের বেতন গ্রহণের পর হতে সর্বোচ্চ ৬০ (ষাট) কিস্তিতে আদায়যোগ্য।

২। **মোটর সাইকেল:**

ক) মোটর সাইকেল অগ্রিম/ ঋণ ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা মাত্র নির্ধারিত;
খ) এ অগ্রিম ঋণ উত্তোলনের প্রথম মাসের বেতন গ্রহণের পর হতে সর্বোচ্চ ৬০ (ষাট) কিস্তিতে আদায় যোগ্য।

৩। কোন অস্থায়ী কর্মকর্তা ও কর্মচারির চাকরিকাল ৫ (পাঁচ) বছর অতিক্রান্ত না হলে উপরোক্ত অগ্রিম ঋণ পাওয়ার যোগ্য হবেন না। তবে আবেদনপত্রের সাথে আবশ্যিকভাবে ২ (দুই) জন স্থায়ী কর্মকর্তা ও কর্মচারির নিকট হতে জামানতপত্র (সিকিউরিটি বন্ড) গ্রহণ সাপেক্ষে আবেদন করতে পারবেন।

৪। পূর্বে গৃহীত অগ্রিম ঋণ কিংবা এর সুদের কোন অংশ অনাদায়ী থাকলে আবেদনকৃত অগ্রিম ঋণ মঞ্জুর করা হবে না। পূর্বে ঋণ গ্রহণকারী আবেদনের সঙ্গে বিমোচনপত্র জমা না দিলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

৫। উপরোক্ত অগ্রিমের সুদের হার বার্ষিক শতকরা ১০/- টাকা। কিস্তি অনুযায়ী পরিশোধে ব্যর্থ হলে বার্ষিক শতকরা ১১/- টাকা চক্রবৃদ্ধি হারে সুদ আদায় হবে।

৬। এমতাবস্থায়, আগ্রহী কর্মকর্তা/কর্মচারিগণকে আবেদনপত্র ও ঋণের ফরম নির্ধারিত ২৬/১১/২০২০ তারিখের মধ্যে জমা দেওয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য, ঋণের ফরমটি এ বিভাগের ওয়েবসাইটে (www.erd.gov.bd) হতে ডাউনলোড করা যাবে।

০৮.১১.২০২০
( মোঃ আল-আমিন )
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৪৮১১২০৫১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। অনুবিভাগ প্রধান (সকল), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা
২। যুগ্মসচিব (প্রশাসন), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা
৩। উপসচিব, বাজেট ব্যবস্থাপনা অধিশাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা
৪। সিনিয়র সিষ্টেম এনালিস্ট, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা **(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)**
৫। সচিবের একান্ত সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা
৬। হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা
৭। নোটিশ বোর্ড
৮। সংশ্লিষ্ট নথি।